চাষীদের কথা চিন্তা করে আগামীতে আখের মৃল্য বৃদ্ধি করা হবে-ড. আব্দুল আলীম খান

অগ্রহায়ন – পৌষে আখের চাষ অধিক ফলনের পূর্বাভাস এবং সেচ, সার, যত্ন তিনে মিলে রত্ন স্লোগান কে সামনে রেখে কেরু এন্ড কোম্পানির ২০২৫-২৬ রোপন/মাড়াই মৌসুমে আখ চাষ বৃদ্ধি ও গুণগত মানসম্পন্ন আখ সরবরাহের লক্ষ্যে আখ চাষী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টায় কেরু এন্ড কোম্পানির কৃষি বিভাগের আয়োজন টেনিং কমপ্লেক্সে আখ চাষী সম্মেলন ২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্মসচিব এবং পরিচালক ( ইক্ষু উন্নয়ন ও গবেষণা)।

বিএসএফআইসি, সদর দপ্তর ঢাকা ড. আব্দুল আলীম খান,এ সময় তিনি বলেন,সরকার এবং চিনি শিল্প কর্পোরেশন কৃষকদের উৎসাহিত করতে এবং আখ চাষের প্রতি আগ্রহ বাড়াতে এই পদক্ষেপ আখের মৃল্য বাড়ানোর চেষ্টা করছে। ইতিমধ্যে কিছু প্রতিবেদনে বলা হয়েছে, আখের দাম বাড়ার ফলে আখ চাষীরা লাভবান হচ্ছেন এবং আখ উৎপাদনও বৃদ্ধি পাচ্ছে।

আখের দাম বৃদ্ধি পাওয়ায় আখ চাষীরা আখ চাষে আগ্রহী হচ্ছেন এবং উৎপাদনও বাড়ছে। আখের দাম বাড়ার ফলে চিনিকলগুলোও লাভবান হচ্ছে এবং চিনি উৎপাদনও বৃদ্ধি পাচ্ছে।সরকার আখ চাষিদের প্রণোদনা দিচ্ছে এবং সাথী ফসল করার জন্য উৎসাহিত করছে।
এই পদক্ষেপগুলো আখ চাষ এবং চিনি শিল্পের উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আমরা আশা করছি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,সিপিই বিএসএফআইসি, সদর দপ্তরের গিয়াস উদ্দীন,টিএস বিএসএফআইসি, সদরের জনাব ড. জেবুন নাহার ফেরদৌস।

এ সময় আরও উপস্থিত ছিলেন,কেরু এ্যান্ড কোম্পানীর জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া,ফার্ম ইনচার্জ সুমন কুমার সাহা,ডিজি এম মাহাবুবুর রহমান,ইমদাদুল হক প্রমুখ। এ আখ চাষের সম্মেলনে সভাপতিত্ব করেন কেরু এন্ড কোম্পানি সুযোগ্য ব্যবস্থাপনা

পরিচালক মোঃ রাব্বিক হাসান ।

অনুষ্ঠানে আখ চাষীরা সংক্ষিপ্ত বক্তব্যে তাদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। সেইসাথে সমস্যা দ্রত সমাধানের জন্য কতৃপক্ষকে অনুরোধ জানান। সেইসাথে অনুরোধ করেন আখের দাম বৃদ্ধির পাশাপাশি কেরুজ জৈব সারের দাম কমানোর জন্য।